আলমডাঙ্গার গোবিন্দপুরে মুদি দোকানী ও তার ছেলেকে কুপিয়ে জখম

আলমডাঙ্গার গোবিন্দপুর গ্রামের হাফিজুর রহমান আকুল নামের এক মুদি দোকানদার ও তার ছেলে কলেজ ছাত্র হিমেল (১৭) কে কুপিয়ে মারাত্মক জথম করা হয়েছে। দোকানে মালামাল কিনতে এসে তর্কাতর্কির এক পর্যায়ে গ্রামের হান্নান,আসলামসহ কয়েকজন দোকানে হামলা ও মারপিটের ঘটনা ঘটায় । রক্তাক্ত আহত অবস্থায় পিতা,পুত্রকে স্থানীয়দের সহযোগিতায় উদ্ধার করে হারদী হাসপাতালে ভর্তি করা হয়।

জানা গেছে,আলমডাঙ্গার গোবিন্দপুর গ্রামের মন্ডল পাড়ায় হাফিজুর রহমান আকুলের একটি মুদি দেকান রয়েছে। ওই দোকানে গত কয়েকদিন আগে একই পাড়ার আকলিমা খাতুন নামের এক মহিলা মালামাল কিনতে আসেন। এ সময় তার সাথে কথা কাটাকাটি হয়। কথা কাটাকাটির এক পর্যায়ে আকলিসা খাতুন তার স্বজন আব্দুল হান্নান,আসলাম,নাঈম ও রাসেলকে ডেকে আনে। পুর্ব শত্রুতার জের ধরে পুূর্ব পরিকল্পিত ভাবে মুদি দোকানদার হাফিজুর রহমান আকুলের মাথায় ও কপালে হেঁসো দিয়ে কোপ মারে, সে মাটিতে পড়ে গেলে তার পিঠেও আঘাত করে তারা। এ সময় তার ছেলে হিমেল তার পিতাকে বাঁচাতে গেলে তাকেও রক্তাক্ত জখম করে। স্থানীয়দের সহযোগিতায় আহত পিতা ও পুত্রকে উদ্ধার করে হারদী হাসপাতালে ভর্তি করা হয়।

মুদি দোকানীর স্ত্রী শারমিন ডলি জানান,আমার স্বামী ও সন্তানকে হত্যার উদ্দেশ্যে তারা হামলা করেছে। দোকান ভাংচুর ও নগদ ১ লাখ ৬০ হাজার টাকাও ছিনিয়ে নিয়ে গেছে। আমরা স্বামী নিরীহ মানুষ। আমাদের নানা ভাবে হুমকি দিয়ে যাচ্ছে তারা।

এ ঘটনায় হাফিজুর রহমান আকুলের স্ত্রী বাদী হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেছেন।